

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.১১১.৯৯.৬৯৬.২৪-৫২২

তারিখ-১৮/০৩/২০২৪ খ্রি:।


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদের রোগ/বালাই নিয়ন্ত্রণে বিভিন্ন ধরনের ঔষধ/ভ্যাকসিন আমদানি সংক্রান্ত কমিটির মাধ্যমে ভ্যাকসিন আমদানিতে সুপারিশমালা প্রণয়নের লক্ষে চলতি ২০২৩-২৪ অর্থবছরে দেশের অভ্যন্তরে পোশ্চিতে লো-প্যাথজেনিক এভিয়ান ইনফ্লুয়েঞ্জা রোগ প্রতিরোধে ২৫ কোটি মাত্রা H9N2 ভ্যাকসিন এবং গবাদিপশুতে Lumpy Skin Disease (LSD) রোগ প্রতিরোধে ৫০ লক্ষ মাত্রা LSD ভ্যাকসিন আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উল্লিখিত টিকাসমূহ আমদানি করতে ইচ্ছুক নিবন্ধিত আমদানিকারক প্রতিষ্ঠানসমূহ হতে বিধি মোতাবেক ০৯/০৪/২০২৪ খ্রি: তারিখের মধ্যে নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আবেদনের শর্তসমূহ:

- ১। আমদানিকারকগণকে অবশ্যই প্রাণিসম্পদ অধিদপ্তরে নিবন্ধনকৃত (ক্যাটাগরি-২ লাইসেন্সভুক্ত) হতে হবে।
- ২। আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের নিজস্ব Storage Facility, পরিবহন ও বিতরণের সক্ষমতা থাকতে হবে।
- ৩। আবেদনের সাথে টিকা আমদানির ব্যবসায়িক অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ৪। আমদানি করতে ইচ্ছুক প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজপত্র যেমন- G1 Lineage থেকে ভ্যাকসিন উৎপাদনের তথ্যাদি (H9N2 ভ্যাকসিন এর ক্ষেত্রে), ভ্যাকসিনটির Phylogeneticity ও অন্য কোন কোন দেশে ব্যবহৃত হচ্ছে সে সংক্রান্ত তথ্য; Safety, Efficacy, উৎপাদন ও ব্যবহার সম্পর্কিত তথ্যাদি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৫। প্রতিবছর Vaccine এর আমদানি ও ব্যবহার সংক্রান্ত তথ্য প্রাণিসম্পদ অধিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

০৯/০৪/২০২৪ খ্রি: তারিখের পরে দাখিলকৃত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।


(ডা. মোহাম্মদ রেয়াজুল হক)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।